চিকিৎসক (OPD) সংক্রান্ত খোঁজ-খবর
বিনামূল্যে
mediguide.in
অসুস্থতায় দিশেহারার দিন শেষ।

জরুরী
আমার শাহর
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার

খোঁজ
www.khonj.live
ভিজিট করুন, আর পেয়ে যান
সব কিছু ... নিমেষে।

০৯ / ৫৮৫ aamaarshahor.com
মালদা ২ আশ্বিন, ১৪৩২ শুক্রবার, ১৯ সেপ্টেম্বর, ২০২৫ ২৩ বর্ষ ১২তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য
বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

দেবীপক্ষে পিতৃতর্পণ

মহালয়ার পুণ্যতিথিতে পূর্বপুরুষদের স্মরণ

সনাতন ধর্মে পিতৃপক্ষের অবসান এবং দেবীপক্ষের সূচনায় সন্ধিক্ষণের তিথি হল মহালয়া। মহালয় শব্দটি থেকে মহালয়ার উৎপত্তি। শোক, তাপ, দুঃখ অমঙ্গল অন্ধকার হরণ করে শুভ মঙ্গল, আনন্দ ও আলোর দিশারী অসুরবিনাশিনী উমাকে হিমালয় থেকে মর্ত্যে বরণ করে নেওয়ার প্রস্তুতি শুরু হয় আজ থেকেই। সনাতন ধর্মমতে পির্তৃপক্ষের অবসান এবং দেবীপক্ষের সূচনার সন্ধিক্ষণের তিথি হলো মহালয়া। মহালয়ার তিথি অনুযায়ী পূর্বপুরুষদের আত্মার শান্তি কামনা করে অঞ্জলি প্রদান করা হয়। সনাতন ধর্ম অনুসারে এই দিনটিতেই প্রয়াতদের আত্মা পিতৃলোক থেকে মর্ত্যলোকে নেমে আসে। আত্মার এই সমাবেশকেই বলা হয় মহালয়। অপরদিকে, পিতৃপক্ষের শেষ লগ্নকে

অন্য জন্মনি বান্ধবাঃ। তে তৃপ্তিং অখিলাং যান্তু, যে চ অস্মৎ তোয়-কাঙ্খিণঃ। অর্থাৎ, যাঁরা আমাদের বন্ধু ছিলেন, এবং যাঁরা বন্ধু নন, যাঁরা জন্ম জন্মান্তরের আমদের বন্ধু ছিলেন, এবং যাঁরা আমাদের কাছে জলের প্রত্যাশা করেন, তাঁরা সম্পূর্ণরূপে তৃপ্তিলাভ করুন। তর্পণ শব্দের ব্যুৎপত্তি হল তৃপ অনট্। তৃপ ধাতুর অর্থ তৃপ্তি সাধন করা। এখানে তৃপ্তি সাধন বলতে দেব - ঋষি - পিতৃ - মনুষ্যগণের তৃপ্তি-সাধনকে বোঝানো হয়েছে।

আনন্দন শিক্ষা নিকেতন
প্রি-নার্সারী, নার্সারী, কে.জি. ও প্রাথমিক বিদ্যালয় মো ঃ ৯৭৩৫০ ৯৩৪৪২
উত্তর সিঙ্গাতলা (তিতাস ক্লাবের নিকটে), মালদা
ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ ২০২৬
আগামী ২০২৬ শিক্ষাবর্ষে প্রি-নার্সারী (বয়স ২+), নার্সারী (বয়স ৩+) থেকে নবম শ্রেণিতে খালি আসন সংখ্যা অনুসারে
ভর্তির ফর্ম দেওয়া ও ভর্তি নেওয়া চলছে।
সময় ঃ সকাল ১১টা থেকে বেলা ৩টা (শনিবার ১১টা থেকে ১টা)
(উপরের লিখিত ভর্তির বয়স ১.১.২০২৬-এর ক্ষেত্রে প্রযোজ্য)

তর্পণাদির জন্য একটি বিশেষ পক্ষ হিসেবেই ধরা হয়। হিন্দু ধর্ম অনুসারে কোনও শুভ কাজের আগে প্রয়াত পূর্বপুরুষদের জন্য তর্পণ করতে হয়, কার্যাদি-অঞ্জলি প্রদান করতে হয়। শ্রীরামচন্দ্র লঙ্কা বিজয়ের আগে এমনই করেছিলেন। সেই অনুসারে মহালয়া তিথিতে যাঁরা পির্তৃ মাতৃহীন তাঁরা পূর্বপুরুষদের স্মরণ করে অঞ্জলি প্রদান করেন। মহালয়াতে যাঁরা গঙ্গায় অঞ্জলি প্রদান করেন, তাঁরা শুধু পুর্বপুরুষদের নয়, পৃথিবীর সামগ্রিক ভালোর জন্য প্রার্থনা ও অঞ্জলি প্রদান করেন। যাঁদের পুত্র নেই, যাদের কেউ নেই, আজ তাঁদেরও স্মরণ করে অঞ্জলি প্রদান করতে হয়। তর্পণমন্ত্রে বলা, ওঁ নমঃ যে বান্ধবা অবান্ধবা বা যে

সাধারনভাবে মৃত পূর্বপুরুষদের জলদান করাকেই তর্পণ বলা হয়। হিন্দু শাস্ত্রানুসারে দেহের বিনাশ হলেও আত্মার বিনাশ হয় না। তাই আমাদের পিতৃগণের দেহে যে আত্মা ছিলেন তিনি এখন যে শরীরেই অবস্থান করুন সেই শরীরেই জলক্রিয়া ও শ্রাদ্ধের দ্বারা তিনি তৃপ্তি লাভ করে থাকেন। শাস্ত্র মতে তর্পণ জলের ও শাস্ত্রীয় দ্রব্যের পরমাণু অর্থাৎ সূক্ষ্মতম কণা মন্ত্র বলে তাঁর বর্তমানে দেহের ভক্ষ্য বস্তুর পরমাণুর সঙ্গে মিলিত হয়ে থাকে। তাই দেব-ঋষি-পিতৃ-মনুষ্যগণের তর্পণ করলে তাঁরা খুশি হন ও বিনিময়ে তাঁরা আমাদের সুখ, সমৃদ্ধি, সাফল্য, পরিপাকশক্তির বৃদ্ধি ও দীর্ঘায়ু দান করেন। মনে করা হয়, মহালয়ার দিনেই দেবীদুর্গা মর্ত্যলোকে আবির্ভূত হন। তাই পিতৃপক্ষের শেষ লগ্নে তর্পণ করা হয় এই মন্ত্রের সঙ্গে পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমন্তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্ব দেবতাঃ। শোক, তাপ, দুঃখ অমঙ্গল, অন্ধকার কাটিয়ে মঙ্গল, আনন্দ ও আলোর দিশারী অসুরবিনাশিনী উমাকে হিমালয় থেকে মর্ত্যে বরণ করে নেওয়ার প্রস্তুতি শুরু হয় আজ থেকেই।

তর্পণ সংস্কৃত বৈদিক অনুশীলনের একটি শব্দ যা ঐশ্বরিক সত্তার প্রতি কোন কিছু নিবেদন করাকে বোঝায় পিতৃপক্ষের শেষে কলকাতার জগন্নাথ ঘাটে তর্পণ (পিতৃপুরুষের আত্মার প্রতি পবিত্র জল নিবেদন) করা হচ্ছে। তর্পণ শব্দটার উৎপত্তি হয়েছে সংস্কৃত 'তৃপ' (অর্থাৎ সন্তুষ্ট করা) থেকে। হিন্দুধর্মে দেবতা, ঋষি ও মৃত পূর্বপুরুষদের (পিতৃকুল ও মাতৃকুল) উদ্দ্যেশে জল নিবেদন করে তাঁদের সন্তুষ্ট করার পদ্ধতিকে তর্পণ বলা হয়। বংশের যে সকল পিতৃপুরুষ পরলোক গমন করেছেন, তাঁদের প্রীতির উদ্দেশ্যে মন্ত্র উচ্চারণপূর্বক স-তিল জল (তিল মেশানো জল) দান করে সাধারণতঃ পুত্রসন্তানরা পিতৃ তর্পণ করে থাকেন। পিতৃগণকে আহ্বান করার একটি মন্ত্র আছে। মন্ত্রটি হল — ওঁ আগচ্ছন্তু মে পিতরঃ ইমং গৃহন্ত্বপোহঞ্জলিং" এই মন্ত্রপাঠ করে পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতা, মাতামহ, প্রমাতামহ বৃদ্ধ প্রমাতামহ, পিতামহী, প্রপিতামহী - এই নয়জনকে তিন তিনবার অঞ্জলি করে জল দিতে হয়। এভাবে তর্পণ করাকে আবার তিল তর্পণও বলে। কোশা-কুশী পুজোর জন্য ব্যবহৃত হয়। এই কোশা-কুশীটি খাঁটি তামা দিয়ে তৈরি। কোশা-কুশী দেব ও দেবীর প্রতি পবিত্র জল নিবেদন এবং শ্রাদ্ধ তর্পণ পূজার জন্য ব্যবহৃত হয়। কোশা-কুশী, মাতার তান্ত্রিক পূজার জন্য ব্যবহৃত একটি গুরুত্বপূর্ণ বস্তু। হিন্দুশাস্ত্রে নানারকম তর্পণের কথা বলা হয়েছে, যেমন, দেব তর্পণ, মনুষ্য তর্পণ, ঋষি তর্পণ, দিব্যপিতৃ তর্পণ, যম তর্পণ, ভীষ্ম তর্পণ, পিতৃ তর্পণ, মাতৃ তর্পণ, অগ্নিদিগ্ধাদি তর্পণ, রাম তর্পণ ও লক্ষণ তর্পণ ইত্যাদি। এর মধ্যে পিতৃতর্পণ রীতিই সাধারণ মানুষের মধ্যে অধিক প্রচলিত। এর অপর নাম পিতৃযজ্ঞ। পৃথিবীর বিভিন্ন স্থানে বিভিন্ন সময়ে পিতৃতর্পণ পালিত হয়। দক্ষিণ ও পশ্চিম ভারতে গণেশ উৎসবে পরবর্তী পূর্ণিমা (ভাদ্র পূর্ণিমা) তিথিতে পিতৃপক্ষ শুরু হয়। আবার উত্তর ভারত, ভারতের পশ্চিমবঙ্গ, নেপাল ও বাংলাদেশে ভাদ্রের পরিবর্তে দুর্গাপূজার পূর্বে আশ্বিন মাসের কৃষ্ণপক্ষকে পিতৃকক্ষ বলে। এসব স্থানে মহালয়া অমাবস্যায় বা পিতৃপক্ষঅমাবস্যায় পিতৃতর্পণ করা হয়। তবে দুর্গাপূজার সাথে পিতৃতর্পণের সরাসরি কোন যোগ নেই। হিন্দুধর্মে পিতৃতর্পণের দিনটি খুব গুরুত্বপূর্ণ। এইদিন তিথি নিয়মের বাইরে সব পূর্বপুরুষের শ্রাদ্ধ করা যায়। এজন্য যে সব ব্যক্তি কোন কারণে পূর্বপুরুষের সাংবৎসরিক শ্রাদ্ধ করতে পারেন না, তাঁরা এই দিনের পিতৃতর্পণ করে থাকেন। লোককাহিনী আছে। রামায়ণের রামচন্দ্র মহালয়ার দিন পিতৃপুরুষদের উদ্দেশ্যে, তর্পণ করেছিলেন। অনেকের ধারণা তখন থেকেই পিতৃতর্পণের প্রচলন হয়েছে। কর্ণ সম্বন্ধীয় কাহিনীতে বলা হয় যে, কর্ণ চিরকাল মানুষকে স্বর্ণ, রত্ন ইত্যাদি দান করে গেছেন কিন্তু তিনি পিতৃপুরুষদের উদ্দেশ্যে কখনো জল বা খাদ্য দান করেননি। কারণ তিনি নিজের পিতৃপুরুষের পরিচয় জানতেন না। তবে এটা ছিল কর্ণের (এরপর ২-এর পাতায়)

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

সেপ্টেম্বর - অক্টোবর, ২০২৫

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
16.09.2025	05:23 ↑ (115°)	17:40 ↑ (245°)
17.09.2025	05:24 ↑ (115°)	17:39 ↑ (245°)
18.09.2025	05:24 ↑ (115°)	17:38 ↑ (245°)
19.09.2025	05:24 ↑ (115°)	17:37 ↑ (245°)
20.09.2025	05:25 ↑ (115°)	17:36 ↑ (245°)
21.09.2025	05:25 ↑ (115°)	17:35 ↑ (245°)
22.09.2025	05:26 ↑ (115°)	17:33 ↑ (245°)
23.09.2025	05:26 ↑ (115°)	17:32 ↑ (245°)
24.09.2025	05:26 ↑ (115°)	17:31 ↑ (245°)
25.09.2025	05:27 ↑ (115°)	17:30 ↑ (245°)
26.09.2025	05:27 ↑ (115°)	17:29 ↑ (245°)
27.09.2025	05:27 ↑ (115°)	17:28 ↑ (245°)
28.09.2025	05:28 ↑ (115°)	17:27 ↑ (245°)
29.09.2025	05:28 ↑ (115°)	17:26 ↑ (245°)
30.09.2025	05:29 ↑ (115°)	17:25 ↑ (245°)
01.10.2025	05:29 ↑ (115°)	17:24 ↑ (245°)
02.10.2025	05:29 ↑ (115°)	17:23 ↑ (245°)
03.10.2025	05:30 ↑ (115°)	17:22 ↑ (245°)
04.10.2025	05:30 ↑ (115°)	17:21 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

সফল জীবনের নকশা গড়ে তুলুন সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে

সিভিল ইঞ্জিনিয়ারিং একটি আধুনিক প্রযুক্তি নির্ভর প্রকৌশল বিদ্যা যা পরিকাঠামো নির্মাণ ও রক্ষণাবেশনের মাধ্যমে মানব সভ্যতাকে ক্রমাগত এগিয়ে নিয়ে চলেছে। নদী বাঁধ, সেচ খাল, জল সরবরাহ ব্যবস্থা, তেল খনি, গ্যাস উত্তোলন ক্ষেত্র, বিমানবন্দর, জাহাজ বন্দর, রেল স্টেশন, সেতু, পরিবহণ ব্যবস্থা ইত্যাদি নির্মাণ, সুউচ্চ বহুতল ভবন নির্মাণ, তাপ ও জল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ, ছাদ, কলাম, স্থাপত্য, বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা, পরিবেশবান্ধব পরিকাঠামো নির্মাণ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে পড়ে। এখন কৃত্রিম বুদ্ধিমত্তা, সেভেন ডাইমেনশন, ভার্চুয়াল গ্রাফিক্স ইত্যাদির সাহায্যে সিভিল ইঞ্জিনিয়াংয়ের নকশা নির্মাণ করা হয়। মিলিয়ে আটটি সেমেস্টারে বিভক্ত। বিটেক করার পর এমটেক বা এমএস, পিএইচডি করা যায়। তখন স্পেশালাইজেশন করা যেতে পারে স্ট্রাকচারাল, ট্রান্সপোর্টেশন, এনভায়রন-মেন্টাল অথাব জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে। এ ছাড়া এমবিএ করা থাকলে পরিকাঠামো ও নির্মাণ সংস্থার ম্যানেজার পদে কাজের সুযোগ এসে যায়। নগর উন্নয়ন পরিকল্পনা, স্থাপত্যবিদ্যা বা নকশা নির্মাণে মাস্টার অফ প্ল্যানিং, মাস্টার অফ ডিজাইন করলে কেরিয়ার আরও মজবুত হয়। এ ছাড়াও ইউরোপ, অস্ট্রেলিয়া ও মার্কিন মুলুকে ইন্টারন্যাশনাল মাস্টার্স ডিগ্রি করতে পারেন পড়ুয়ারা।

কেরিয়ার

সাইট ইঞ্জিনিয়ার, প্রজেক্ট ইঞ্জিনিয়ার,



স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার, জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ার, ট্রান্সপোর্টেশন প্ল্যানার, কনস্ট্রাকশন ম্যানেজার, আরবান প্ল্যাক্স নার, ওয়াটার রিসোর্স ইঞ্জিনিয়ার, এনভায়রনমেন্টাল কনসালটেন্ট হিসেবে সরকারি, বেসরকারি বহুজাতিক সংস্থায় বিভিন্ন পদে কাজের সুযোগ বাড়ছে। পশ্চিমবঙ্গ সরকার, ভারত সরকারের অধীনস্থ বিভিন্ন সংস্থায়, মধ্যপ্রাচ্যে, পশ্চিম এশিয়ায় ভারতীয় সিভিল ইঞ্জিনিয়ারদের যথেষ্ট কদর আছে। শক্তির পুনর্নবীকরণে, স্মার্ট সিটি তৈরি, স্থায়ী পরিকাঠামো নির্মাণে সিভিল ইঞ্জিয়ারদের চাহিদা বাড়ছে। আগামী প্রজন্মকে নিশ্চিত কর্মসংস্থানের সুযোগ করে দিচ্ছে।

যোগ্যতা

স্বীকৃত বোর্ড থেকে ১০ ২ পাশ বা সমতুল শিক্ষাগত যোগ্যতা দরকার। উচ্চমাধ্যমিক স্তরে কোর সাবজেক্ট কম্বিনেশনে থাকতে হবে ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক। সর্বমোট কমপক্ষে ৫০ থেকে ৬০ শতাংশ নম্বর পেলে পরীক্ষায় বসার বা মেধা তালিকায় থাকার সুযোগ মেলে। তবে জাতীয় ও রাজ্য স্তরের জেইই মেইন, এমএইচটি, সিইটি, কেইএএম-এ প্রবেশিকার পরীক্ষার মাধ্যমে আইআইটি ও এনআইটি-র মতো প্রতিষ্ঠানগুলিতে ভর্তির সুযোগ মেলে। বি টেক ইন সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে কোর্স চার বছরের। থিয়োরি, প্র্যাকটিক্যাল

শরীরে লবণ বাড়লে কীভাবে বুঝবেন

অনেকেই খাবারে বাড়তি লবণ খেতে অভ্যস্ত। কিন্তু এভাবে স্বাদ বাড়াতে গিয়ে তাঁদের হৃদরোগ, উচ্চ রক্তচাপ ও স্ট্রোকের ঝুঁকি বেড়ে যায়। লবণ বেশি কেলে শরীরও কিন্তু সংকেত দেয়। আর সংকেতগুলো সময়মতো ধরতে না পারলে ধেয়ে আসবে আরও বড় বিপদ। সংকেতগুলো হল —

ঘনঘন তেষ্টা পাওয়া ঃ পরিমাণমতো জল খাওয়ার পরও তেষ্টা কমছে না? শরীরে থাকা বেশি সোডিয়াম তথা লবণ আপনার ভেতরকার তরলের ভারসাম্য ঠিক রাখতে পারছে না। এটা জলশূন্যতারও প্রাথমিক লক্ষণ। এমনটা দেখা দিলে শরীরে সোডিয়ামের পরিমাণ পরীক্ষা করুন।

পেট ফাঁপা ঃ অল্প খাওয়ার পরও হাঁসফাঁস লাগছে? একটু জল খেলে ভালো লাগবে ভেবে গ্লাসে চুমুক দিলেন। কিন্তু দেখা গেল, পেট আরও ভারী হয়ে গেল। অতিরিক্ত লবণ খাওয়াই এর জন্য দায়ী। (এরপর ২-এর পাতায়)

সরকারী নথিতে
নামের বানান ভুল নেই তো?
এফিডেভিট | সংবাদপত্রে ঘোষণা প্রকাশ | গ্যাজেট নোটিফিকেশন
আইনি পরামর্শ ও সহযোগিতা > মাস মিডিয়া 9233 44 45 46

প্রেস ক্লাব অফ নর্থ বেঙ্গল
মালদার নিবেদন
DRL Hospital
সহযোগিতায় :
শারদ সম্মান ২০২৫
সেরা ১০
শ্রী বালাজী জুয়েলার্স
শ্রোঃ অভিজিত চৌধুরী
আধুনিক ডিজাইনের ৯১৬ হলমার্ক যুক্ত সোনার ও রুপার গহনা নির্মাতা ও রেডিমেড অলঙ্কার বিক্রয়ের একমাত্র প্রতিষ্ঠান
সোনার গহনার মজুরির উপর ৩০% ছাড়
WELCOME TO MY MOBILE
Address : 420 More (Sukanta More) Malda
Mobile : 8967746249
LAXMI JEWELLERY
লক্ষ্মী জুয়েলারী
B.S Road, Malda, Mob : 97330 18771

হেপাটাইটিস

ভাইরাল হেপাটাইটিস পাঁচ ধরণের

এ, বি, সি, ডি এবং ই। এই রোগ বিশ্বজুড়ে ৩০০ কোটিরও বেশি মানুষকে প্রভাবিত করে। এরমধ্যে হেপাটাইটিস-বি এবং সি বেশি দেখা যায়, যা হেপাটাইটিস সংক্রান্ত ৯০ শতাংশেরও বেশি মৃত্যুর জন্য দায়ী। হেপাটাইটিস সংক্রান্ত কারণ যেমন সিরোসিস বা লিভার ক্যানসারের কারণে প্রতি বছর প্রায় ১১ লক্ষ মানুষের মৃত্যু হয়। এছাড়া প্রতি ৩০ সেকেন্ডে একজন করে প্রাণ হারান। আশঙ্কাজনক-ভাবে, হেপাটাইটিস বি'তে আক্রান্ত আনুমানিক আক্রান্ত ৬৪৭ লক্ষ মানুষের মধ্যে মাত্র চার শতাংশ এবং হেপাটাইটিস সি'তে আক্রান্ত ৭৮ লক্ষ মানুষের মধ্যে ১৩ শতাংশের রোগ নির্ণয় করা হয়। এমনকি কম সংখ্যক মানুষই এর চিকিৎসা করান।

বিশ্ব হেপাটাইটিস দিবস, ২০২৫-এর লক্ষ্য।

সচেতনতা বাড়ানো, হেপাটাই-টিসের ধরন, সংক্রমণ, প্রতিরোধ, চিকিৎসা সম্পর্কে মানুষকে জানানো, যাতে ভুল ধারণা দূর করা যায়।

পরীক্ষানিরীক্ষা ও চিকিৎসায় জোর দেওয়া

হেপাটাইটিস আক্রান্তাদের অনেকে সংক্রমণ সম্পর্কে ততক্ষণ সচেতন নন, যতক্ষণ না অবস্থা জটিল হচ্ছে। তাই পরীক্ষানিরীক্ষার মাধ্যমে প্রাথমিক শনাক্তকরণে জোর দেওয়া উচিত। হেপাটাইটিস-এ এবং বি'র জন্য কার্যকরী ভ্যাকসিন রয়েছে এবং হেপাটাইটিস-সি চিকিৎসায় সেরে যায়।

ভুল ধারণা পুষে না রাখা

স্বাস্থ্যসেবা পেতে বাধা দেয় এমন বৈষম্য দূর করা এবং স্বাস্থ্যসেবায় ন্যায্য প্রবেশিধকার নিশ্চিত করা।

পরিবর্তন আনা

হেপাটাইটিস সংক্রান্ত নীতি, তহবিল, ভ্যাকসিনেশন, নিরাপদে ইনজেকশন দেওয়ার প্রশিক্ষণ প্রভৃতি পরিষেবাকে জাতীয় স্বাস্থ্য ব্যবস্থায় অগ্রাধিকার দেওয়ার জন্য সরকারকে আহ্বান জানানো।

নির্মূলের লক্ষ্যমাত্রাকে সমর্থন করা

হু'র লক্ষ্য, ২০৩০ সালের মধ্যে নতুন হেপাটাইটিস-বি এবং সি সংক্রামিতের হার ৯০ শতাংশ এবং মৃত্যুর হার ৬৫ শতাংশ কমানো। পাশাপাইহ ৯০ শতাংশের রোগনির্ণয় ও ৮০ শতাংশের চিকিৎসা নিশ্চিত করা।

হেপাটাইটিস সচেতনতা প্রচারে যেভঅবে আপনি অংশ নেবেন।

নিজে জানুন এবং অন্যকে জানান

হেপাটাইটিস সংক্রমণ কীভাবে ছড়ায় সে সম্পর্কে জানুন। যেমন, রক্তের সম্পর্ক, যৌন মিলন এমনকি মা থেকে সন্তানের মধ্যেও ছড়াতে পারে সংক্রমণ। প্রয়োজনে এই সংক্রান্ত বিভিন্ন কারণ সামাজিক মাধ্যমে শেয়ার করুন।

রক্ত পরীক্ষা করাতে ও ভ্যাকসিন নিতে উৎসাহ দেওয়া ঃ বিশেষ করে যাঁরা উচ্চ ঝুঁকিতে রয়েছেন তাঁদের রক্তপরীক্ষা করানো উচিত। হেপাটাইটিস-এ এবং বি'র ক্ষেত্রে ভ্যাকসিন দেওয়া যেতে পারে। আর হেপাটাইটিস সি শুরুতেই শণাক্ত করা গেলে চিকিৎসায় সেরে যায়।

সব বাধা ভেঙে ফেলুন

এ বছরের থিমের উদ্দেশ্যই হল, হেপাটাইটিস সংক্রান্ত পরিষেবা সহজ করা এবং বাড়ানো। এই রেগা ঘিরে বৈষম্য ও ভুল ধারণা এখনও রয়েছে। যে কারণে অনেকেই পরীক্ষানিরীক্ষা বা চিকিৎসা এড়িয়ে যান। জাতীয় স্বাস্থ্য ব্যবস্থায় হেপাটাইটিস কেয়ার যুক্ত করা, পরীক্ষানিরীক্ষার সুযোগ বাড়ানো এবং হেপাটাইটিস-বি ভ্যাকসিনেশন (নব-জাতকের জন্মের ডোজ সহ) নিশ্চিত করা গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

রোগ নির্ণয়

জন্ডিসের তীব্রতা, লিভার বেড়ে যাওয়া, লিভার ফেলিওরের ক্লিনিকাল লক্ষণ বা ক্রনিক লিভার ডিজিজের কারণ বুঝতে শারীরিক পরীক্ষা করা হয়। এছাড়া রক্তপরীক্ষা গুরুত্বপূর্ণ। এতে ভাইরাসের উপস্থিতি সম্পর্কে যেমন নিশ্চিত হওয়া যায়, তেমনই কোন ধরনের হেপাটাইটিস হয়েছে সেটাও জানা যায়। সেইসঙ্গে লিভারের অবস্থা বুঝতে আল্ট্রাসাউন্ড (সোনোগ্রামস) ও করা হয়ে থাকে। বিশেষ ক্ষেত্রে লিভার বায়োপসিও করা হয়ে থাকে ?

চিকিৎসা

কোন ধরনের হেপাটাইটিস ও সংক্রমণের তীব্রতার ওপর ভিত্তি করে চিকিৎসা করা হয়। ক্লান্তি, বমি বমি ভাব ও জন্ডিসের লক্ষণ নিয়ন্ত্রণে সাপোর্টিভ কেয়ার দেওয়া হয়। বেশিরভাগ ঘটনায় নির্দিষ্ট অ্যান্টিভাইরাল ওষুধ ছাড়াই সংক্রমণ সেরে যায়। ক্রনিক ভাইরাল হেপাটাইটিস, বিশেষ করে হেপাটাইটিস বি এবং সি-এর ক্ষেত্রে অ্যান্টিভাইরাল ওষুধ দেওয়া হয়, যাতে ভাইরাসের প্রতিলিপি দমন করা যায়, লিভারে প্রদাহ কমানো যায় এবং লিভারের আরও ক্ষতি প্রতিরোধ করা (এরপর ৩-এর পাতায়)

দেখছি যেমন আরশিতে

পুজো আসে ধুলোপথে

কোনও বিজ্ঞাপন নয়, মাইকে প্রচার নয়,
মানুষের ঢল নামে পঞ্জিকার তিথি মেনে;
চতুরের আধিপত্য বিস্তারের সুসময়–
সুলভ দরদি সেজে কেউ সমর্থন কেনে।
মানুষের ঘন মনে সহজাত স্রোত বয়–
উৎসবের প্রত্যাশা, সৌন্দর্যের অপেক্ষাতে
শিশির শিউলি কাশ মগ্নতা আকাশময়,
আন্তর্জাল মেকি মেধা ছেড়ে ধুলোপথে মাতে।

পুজোর সরগম

আকাশে হঠাৎ শারদীয়া সুর থমকে দাঁড়ায়–
ঘরে ও বাইরে সামাল দিচ্ছে সাবলীল ভাবে,
অভাবের ঘর তবু আতিথ্যে দু-হাত বাড়ায়,
মাটির প্রতিমা, মাটিতে প্রতিমা আগামী বানাবে।
গানের পাখিরা অন্ধকারেও আনন্দে থাকে–
গান থেমে গেলে হৃদয় নীরব অরণ্য হয়,
রাত জেগে যারা জনসুনামিতে শৃঙ্খলা আঁকে
তাদেরও ঘরের দুর্গারা আজ নিরাপদ নয়!

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

Guide - [585]_Jaruree Guide 19-09-2025 22:57 Page 2

বার্থ সার্টিফিকেট | ড্রাইভিং লাইসেন্স | পাসপোর্ট
এডুকেশনাল সার্টিফিকেট | পলিসি সার্টিফিকেট | রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র

এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।

পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46

সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

পাত্র চাই

● কায়স্থ 32/5′1′′ ফর্সা, সুশ্রী, ডিপ্লোমা ইঞ্জিঃ "নির্মাণ সহায়ক" (Gr. - A) পদে কর্মরতা। অনূর্ধ্ব 38, মালদায় কর্মরত সঃ চাঃ উপযুক্ত পাত্র কাম্য। M - 9851308306. HUF-1715

● চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed. (Hons.) প্রাইমারী শিক্ষিকা পাত্রীর জন্য সঃ চাঃ স্কুল শিক্ষক পাত্র কাম্য। M - 94347 30035. HUF-1717

● কায়স্থ 31+/5′2′′ B.Sc. (ফ্যাশন ডিজাইনার) কম্পিউটার কোর্স করা, বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরীর অভিজ্ঞতা, ফর্সা, সুন্দরী পাত্রীর সঃ চাঃ / বেঃ সঃ চাঃ / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 98006 75250, শীঘ্রই বিবাহ। HUF-1695

● তিলি 25+/5′2′′ স্নাতক, একমাত্র কন্যা সুশ্রী, ফর্সা পাত্রীর উপযুক্ত চাকুরে / ব্যবসায়ী পাত্র কাম্য। অসবর্ণ চলিবে। M - 6297542712 / 9475935015. HUF-1516

বৈশ্য, আলাদশী 26/5′5′′
M.A. (History), B.Ed.,
একমাত্র কন্যা, ঘরোয়া, ফর্সা
পাত্রীর জন্য সরকারী চাকুরে /
ডাক্তার পাত্র অগ্রগণ্য।
M - 94343 23316.
HUF-1702

কর্মকার 26+/5′6′′
Retd. H.S. শিক্ষকের
কন্যা M.Sc. (Math.),
B.Ed., ফর্সা, সুশ্রী, স্লিম।
দাদা M.B.B.S. ডাক্তার,
পাত্রীর জন্য ডাক্তার /
অধ্যাপক / উচ্চ পদস্থ
সঃ চাঃ, সম্ভ্রান্ত পরিবারের
উপযুক্ত সুপাত্র কাম্য।
KST-1676
M - 84365 17607

ব্রাহ্মণ, বদ্যি পাত্র চাই
ব্রাহ্মণ, বদ্যি 34
(DOB. - 28.06.91) / 5′1′′
Ph.D,
সরকারী বিশ্ববিদ্যালয়ে
সহকারী প্রফেসর (চুক্তিবদ্ধ),
সুন্দরী
(পিতা - রিটায়ার্ড ব্যাঙ্ক অফিসার)
পাত্রীর
সুযোগ্য, সুশিক্ষিত,
ডাঃ / ইঞ্জিঃ /
সঃ উচ্চ পদস্থ অফিসার,
শিক্ষিত পরিবারের
ব্রাহ্মণ পাত্র কাম্য।
M - 96477 29849.
OL-3758

পাত্র চাই

● শর্মা (কর্মকার) মালদা নিবাসী শান্ডিল্য 28+/5′1′′ M.A. পাত্রীর জন্য সঃ চাঃ উপযুক্ত সুপাত্র চাই। M - 9800370527. HUF-1690

● মালদা নিবাসী, Gen. 31/5′5′′ B.A. (Eng. H.), D.EL.Ed. পাঠরতা, কেঃ সঃ Retd পিতার একমাত্র সন্তান, ফর্সা, সুশ্রী, স্লিম পাত্রীর জন্য যোগ্য সুপাত্র কাম্য। M - 9609331343. HUF-1709

● হরিশ্চন্দ্রপুর নিবাসী মাহিষ্য 28/5′5′′ M.A. (Eng. Hons) পাত্রীর জন্য সরকারী চাকুরে পাত্র কাম্য। M - 8918062940. OL-3786

● বসাক (দাস) 27/5′2′′ B.Sc., Fashion Designing, ফর্সা, সুশ্রী, প্রতিষ্ঠিত পরিবারের পাত্রীর জন্য উপযুক্ত সুপাত্র কাম্য। SC / ST বাদে। ঘটক বা ম্যাট্রিমনি নিষ্প্রয়োজন। M - 8250756504. HUF-1660

কাশ্যপ গোত্র 28/5′2′′
নার্সিং স্টাফ, মালদা মেডিক্যাল
কলেজ। ফর্সা পাত্রীর জন্য সরকারী
চাকুরে, উচ্চ শিক্ষিত সুপাত্র চাই।
M - 90640 56416 /
89006 49788.
HUF-1694

কায়স্থ 26/5′1′′ GNM Pass,
ভালুকা হসপিটালে
সিনিয়ার নার্স,
সুশ্রী পাত্রীর জন্য
সরকারী চাকুরে সুপাত্র কাম্য।
M - 83482 58621.
HUF-1642

পাত্রী চাই

● মালদা, কর্মকার 46/5′5′′ হাইস্কুল শিক্ষক। উপযুক্ত সুপাত্রী চাই। M - 7584911541. HUF-1662

কায়স্থ 36/5′3′′
M.A., B.Ed, ডিভোর্সী,
হাইস্কুল শিক্ষক পাত্রের
শ্যামবর্ণা, ঘরোয়া, সুন্দরী,
ডিভোর্সী (ইস্যুবিহীন) পাত্রী কাম্য।
M - 98006 22272.
HUF-1615

বৈশ্য দাস, মালদা 33+/5′6′′
M.A., B.Ed,
নবোদয় বিদ্যালয়ে
(কেন্দ্রীয় সরকার) শিক্ষক পাত্রের
জন্য সুশ্রী, শিক্ষিতা,
কেঃ সঃ / রাঃ সঃ চাকুরীরতা,
27 - 30 মধ্যে সুপাত্রী কাম্য।
M - 97334 74387.
HUF-1644

পাত্রী চাই

● কায়স্থ দাস 30/5′9′′ B.Tech. Deloitte (কোলকাতা) কর্মরত, মালদা নিবাসী পাত্রের জন্য উপযুক্ত শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9933703418. HUF-1714

● কায়স্থ দাস 39/5′5′′ সরকারী চাকুরীজীবি (একমাত্র পুত্র)। শিক্ষিকা / সঃ চাঃ পাত্রী কাম্য। M - 8759573703. HUF-1652

● রায় 39+/5′5′′ হাই স্কুল শিক্ষক (আপার প্রাইমারি) পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9563114382 (সময় - 6 P.M. - 10 P.M.). OL-3808

● মাহিষ্য, মালদা নিবাসী 30/5′7′′ Mackintosh Burn (Govt. Sector), মালদায় Posting পাত্রের জন্য শিক্ষিতা সুপাত্রী কাম্য। M - 6289798996 / 6295400821. KST-1873

● কায়স্থ (দত্ত) 33/5′8′′ স্নাতক, বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত পাত্রের ঘরোয়া, সুন্দরী পাত্রী চাই। M - 9735558792. HUF-1679

● কায়স্থ 38/5′6′′ B.E. (CIVIL), সঃ চাঃ (অবিবাহিত বোন আছে) পাত্রের উচ্চ শিক্ষিতা, অদেবারি, প্রকৃত ফর্সা, সুন্দরী পাত্রী কাম্য। শীঘ্র বিবাহ। মালদা- 9609919160 / 8918723719. HUF-1681

● পৌন্ড্রক্ষত্রিয় (SC) 38+/5′7′′ Com. (H), MCA, WBCS Coaching করা, Eng., Med. স্কুলে কর্মরত পাত্রের ফর্সা, সুন্দরী, ঘরোয়া, 30 - 34 মধ্যে যোগ্য পাত্রী কাম্য। M - 7602221785. HUF-1624

● বৈশ্য সাহা, মালদা শহরে বাস, 34+/5′7′′ B.Tech. (Com. Sc.), রেল দপ্তরে Tech. Gr.-D পদে অফিসে Comp.-এ কর্মরত। মা, বাবা উভয়ে রাজ্য সরকারের Pensioner। শিক্ষিতা, সুশ্রী, গৌরবর্ণ (26 - 30 বঃ) চাকুরীরতা অগ্রগণ্যা। M - 9475309781. OTS-1725

জেনারেল 34/5′7′′
সঃ প্রাঃ শিঃ ২০২৪, থানা - চাঁচল,
চাকুরিজীবী হলে ভালো।
M - 97332 13124.
HUF-1716

প্রাথমিক শিক্ষক (2024) 1991,
Gen. 5′8′′ নেশাহীন, দাবিহীন
সৎ পাত্রের জন্য
চাকুরীরতা পাত্রী চাই।
মালদা জেলা অগ্রগণ্য।
M - 99325 30233.
OL-3807

কায়স্থ 28/5′7′′ স্নাতক,
প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্রের ফর্সা,
সুন্দরী, ঘরোয়া, শিক্ষিতা (মাধ্যমিক)
সুপাত্রী চাই। **M - 94340 55569 /**
99329 36364
(10 P.M. - 11 P.M.).
HUF-1675

মালদা নিবাসী, ব্রাহ্মণ (মিশ্র)
হাইস্কুল শিক্ষক (Math.)
12 yrs. কর্মরত,
37/5′7′′ সুদর্শন,
কাশ্যপ গোত্র, বৃষরাশি,
ডিভোর্সী (27 দিন)
পাত্রের জন্য
সম্ভ্রান্ত পরিবারের সুন্দরী (স্লিম),
শিক্ষিতা, Gen. পাত্রী কাম্য।
M - 70448 92485.
OL-3804

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।
– সম্পাদক / প্রকাশক।

পরবর্তী

বিতরিত হবে
16 অক্টোবর, 2025,
বৃহস্পতিবার। বিজ্ঞাপন
জমা দেওয়ার শেষ তারিখ
11 অক্টোবর, 2025,
শনিবার,
সন্ধ্যা 7 টার মধ্যে।

জরুরী গাইড-এ
বাড়িতে বসে
শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন
দিন
WhatsApp
977 54 54 577

কর্মখালি

মালদায় মাধ্যমিক স্কুলে শিক্ষক।
পাড়ুয়া আদর্শ শিশু শিক্ষা নিকেতনে
আর্টস - **3**, সায়েন্স - **4**, কম্পিউটার
- **1** জন আবাসিক শিক্ষক চাই।
বেতন - **10 - 20** হাজার।
M - 98518 88949.
HUF-1718

ইনভেস্টমেন্ট সার্ভিস

শেয়ার মার্কেটে
নিশ্চিত লাভ চান?
BASIC TO ADVANCE
SWING TRADING
MENTORSHIP
PROGRAMME.
ONLINE MODE
M - 8617 666 834.
HUF-1678

ভাড়া / লীজ

● পুড়াটুলীতে 2 BHK বাড়ি ভাড়া দিতে চাই। সরকারী চাকুরে কাম্য। M - 8653387942. HUF-1706

● দমদম মেট্রো স্টেশনের অতি নিকটে ফ্ল্যাট ভাড়া (ছাত্র)। M - 9477213716 / 94772 13714. OL-3799

● দক্ষিণ সিঙ্গাতলায় দোতলা সেপারেট বাড়ি (3 BHK) ভাড়া দেওয়া হবে। Ph. - 80165 25381. OL-3800

TATA ACE
ছোটা হাতি
ভালো কন্ডিশনে ভাড়া দিব।
M - 70019 39105.
HUF-1687

গৌড় রোড পেট্রোল পাম্পের
পাশে গোডাউন ভাড়া দিব।
প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন।
M - 70019 39105.
HUF-1686

Women's College Road,
Malda Girl's School-এর
পাশে **Ground Floor**
&
1st Floor
2 Bedroom
with
Dining, Kitchen
&
Bath
Each Floor
ভাড়া দিব।
Bank / Govt. Service.
M - 94235 77424.
OL-3806

রাধে রাধে
সনাতনী আধ্যাত্মিক গোষ্ঠীর
ধর্মপ্রাণ সদস্যদের
ভজন-সংকীর্তনের জন্য
মালদা শহরের
গোলাপট্টি, বালুচর,
পুড়াটুলী অগ্রগণ্য
আনুমানিক **1000** বর্গফুটের
হলঘর / ফ্ল্যাট
স্বল্প ভাড়ায় প্রয়োজন।
সনাতনী মালিক পক্ষ
যোগাযোগ করুন।
যোগাযোগ - **92334 44546.**
HUF-Self

চিকিৎসা

পার্শ্ব প্রতিক্রিয়াহীন। স্বল্প ব্যয়ে চিকিৎসা
ডাঃ স্বরূপ সরকার
B.H.M.S., M.D. (W.B.U.H.S.), CONSULTANT HOMEOPATHIC PHYSICIAN
Ex-House Physician at M.B.H. Medical College & Hospital (Govt. of W.B.)
Ex-Lecturer at B.V.H.M.C. Sainthia, Birbhum.
চেম্বার ঃ- উত্তর সিঙ্গাতলা, তিতাস ক্লাবের কাছে, মালদা। **M : 90836 16188**
Mon to Sat :- 11:00 A.M. to 2:00 P.M. & 6:30 P.M. to 8:30 P.M., Sunday Closed.
বৃক্কে পাথর | হাঁপানি | মাইগ্রেন | আর্থ্রাইটিস
ফ্যাটি লিভার | ইউরিক অ্যাসিড | বিভিন্ন চর্মরোগ
জরায়ু / ডিম্বাশয়ে টিউমার | মহিলাদের জটিল রোগ
নানাবিধ পুরানো রোগ

চিকিৎসা

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

জ্যোতিষ চর্চা

জয় মা
কলিকাতার
প্রখ্যাত
জ্যোতির্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

ক্রয়

● সোয়া কাঠার মধ্যে ভালো অবস্থায় বাড়ী কিনতে চাই। সুভাষপল্লী অঞ্চল, সানিপার্ক। প্রকৃত বিক্রেতা যোগাযোগ করুন - 98833 81344 (সকাল 10 টা - 12 টা)। HUF-1674

বিক্রয়

● এয়ারভিউ কমপ্লেক্সে (ITI মোড়ের নিকট)-এ সুন্দর পরিবেশে 2 কাঠা প্লট বিক্রয়। এজেন্ট নিষ্প্রয়োজন। M - 9593612484. OL-3803

● গৌড় রোড পল্টি ফার্ম মোড় (4 নং ওয়ার্ড) বড় রাস্তার উপরে 5th Floor, দক্ষিণ-পূর্ব মুখ, নতুন কনস্ট্রাকশন, Approx 850 sq.ft. ফ্ল্যাট অতি সত্বর বিক্রয়। M - 8972469933. HUF-1670

রামকৃষ্ণপল্লী পল্লীশ্রী মাঠের কাছে
নতুন 2 BHK Flat 900 sq.ft.
সেল করা হবে।
M - 99322 69879.
HUF-1705

3 No. Govt. কলোনীতে
স্কোয়ার নার্সিং হোমের পিছনে
150 sq.ft.
সাজানো দোকান ঘর
অতি সত্বর বিক্রয়।
M - 70019 39105.
HUF-1684

মালদা শহরে বি. এস. রোডে
অগ্রণী ক্লাবের পাশে
প্রিয়ংবদা অ্যাপার্টমেন্টে **6th**
ফ্লোরে **3 BHK, 1192** বর্গফুটের
ফুল ফার্নিশড ফ্ল্যাট
(ফার্নিচার ও 3 টি A.C. সহ)
সত্বর বিক্রয়।
M - 79083 24212.
OL-3790

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন

পুরনো জিনিস বা যে কোন
অস্থাবর সম্পত্তি বিক্রি করতে
চাইলে জরুরী গাইডে
বিজ্ঞাপন দিন
সর্বাধিক **50** টি অক্ষর
মাত্র **100** টাকার বিনিময়ে।
সাথে **khonj.live**
ওয়েবসাইটে বিনামূল্যে
30 দিনের জন্য পোস্ট করুন।
WApp - 9233 44 45 46.

বিক্রয়

● বাঁধাপুকুর মোড়ে N.H.-এর সঙ্গে তিন বিঘা Commercial জমি সত্বর বিক্রয়। যোগাযোগ -9332054668 (রাত্রি 7.30-9.30-এর মধ্যে)। HUF-1691

সিঙ্গাতলা গ্লো নার্সিং হোমের পাশে
নতুন ফ্ল্যাট
"শশী কিরণ নিকেতন"
3rd Floor (770 sq.ft.)
শীঘ্র বিক্রয়।
M - 95471 61665.
HUF-1704

1 No. Govt. কলোনী
সোনার তরী অ্যাপার্টমেন্টের
বিপরীতে
1 কাঠা ফাঁকা জায়গা
অতি সত্বর বিক্রয়।
M - 70019 39105.
HUF-1685

ফ্ল্যাট বুকিং চলছে
অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড
সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায়
"HINDOL" Apartment-এ
মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে
B+G+6 Multi Storied
Residential Building-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে।
সত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. -
WBRERA/P/MAL/2025/002401.
Website : **www.rera.wb.gov.in**
Mobile No.
97341 02876 / 96478 01310

বিক্রয়

মালদা শহরে 2 BHK / 3 BHK
রেডি ফ্ল্যাট (16 লাখ ও তদূর্ধ্ব)
বিক্রয়। শিবম ইলেকট্রনিক্স।
রথবাড়ি - **94340 65554.**
KST-1883

পিতৃতর্পণ

(প্রথম পাতার পর)

অনিচ্ছাকৃত একটা ভুল। তবুও কুরুক্ষেত্রের যুদ্ধের পর মহাবীর কর্ণের আত্মা স্বর্গে গেলে সেখানে তাঁকে খেতে দেওয়া হয় শুধুই সোনা আর ধনরত্ন। তখন কর্ণ এর কারণ জিজ্ঞাসা করলেন দেবরাজ ইন্দ্রকে। এর উত্তরে ইন্দ্র কর্ণকে বললেন যে, কর্ণ সারাজীবন মানুষকে সোনাদানাই দান করেছেন, পিতৃপুরুষকে কখনো জল দেননি, তাই তাঁর সাথে এমনটা করা হয়েছে। তখন কর্ণ দেবরাজ ইন্দ্রকে তাঁর অনিচ্ছাকৃত ভুলের কথা জানালে ইন্দ্র কর্ণকে এক

পক্ষকালের জন্য মর্ত্যে ফিরে গিয়ে পিতৃপুরুষকে জল ও অন্ন দিতে অনুমতি দিলেন। ইন্দ্রের কথা মতো এক পক্ষকাল ধরে কর্ণ মর্ত্যে অবস্থান করে তাঁর পিতৃপুরুষকে অন্নজল দিলেন। এর ফলে কর্ণের পাপ স্খলন হলো এবং যে পক্ষকাল কর্ণ মর্ত্যে এসে পিতৃপুরুষকে জল দিলেন সেই পক্ষটি পরিচিত হলো পিতৃপক্ষ নামে। মৃত্যুর পর মানুষের জীবাত্মা চন্দ্রলোকে যায়। তারপর আরও উঁচুতে পিতৃলোকে যায়। আত্মা ইস্পিত স্থানে যাতে পৌঁছতে পারে তার জন্য তর্পণ করা শুভ কাজ। আশ্বিন মাসের পুরা কৃষ্ণপক্ষ পর্যন্ত প্রতিদিন স্নান এবং পিতৃতর্পণ খুবই মাহাত্ম্যসূচক।

শরীরে লবণ

(প্রথম পাতার পর)

অনবরত মাথাধরা ঃ ইদানীং কি প্রায়ই মাথাব্যথা হচ্ছে ? অন্য কোনও সমস্যা না থাকলে ধরে নিন শরীরের অতিরিক্ত লবণই চাপ বাড়াচ্ছে মাথায়।

পেশির অস্বাভাবিকতা ঃ শরীরে জল জল ভাব চলে আসা বা মাংসপেশীর অস্বাভাবিক ব্যথার জন্য অতিরিক্ত লবণও দায়ী। শরীরে সোডিয়ামের ভারসাম্য ঠিক না থাকলেও ত্বক কুঁচকে আসে বা ফুলে ওঠে। তাই লক্ষ্য রাখুন, বিশেষ কোনও কারণ ছাড়াই মোটা হয়ে যাচ্ছেন কি না বা ত্বক কুঁচকে আসছে কি না।

তীক্ষ্ণ ব্যথা ঃ অতিরিক্ত লবণ হাড়েরও ক্ষতি করে। বিশেষত মহিলাদের হাড় ক্ষয়ে যাওয়ার পেছনে অতিরিক্ত লবণ খাওয়াই বেশি দায়ী। তাই হাড়ে ক্ষয়জনিত বা বিভিন্ন জয়েন্টে তীক্ষ্ণ বযথঅ হলে লবণের পরিমাণটা পরীক্ষা করে নিন।

স্বাদ না পাওয়া ঃ যতই লবণ দিচ্ছেন মনে হচ্ছে আরেকটু দেওয়া উচিত। বেশি লবণ খাওয়ার বড় কুফল এটি। এতে করে পরে লবণ পরিমিত মাত্রায় খেলেও মনে হবে খাবারে মোটেও লবণ হয়নি। অর্থাৎ অতিরিক্ত লবণ আপনার স্বাদের অনুভূতির বদলে দেয়।

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
শিক্ষাগত যোগ্যতা –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত –
(যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান) –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস –
(আমিষাশী / নিরামিষাশী) –
পিতা-মাতার কততম সন্তান
(প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
সাম্প্রতিক ছবি (ন্যূনতম
১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস –
(চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু)
পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত
সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য
(যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন
তা সংক্ষেপে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি
(যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
(11 A.M. to 7 P.M., except holiday).
Visit : khonj.live

জিএসটি সংস্কার ও ইন্স্যুরেন্স - গ্রাহক প্রশ্নোত্তর

১. হেলথ এবং লাইফ ইন্স্যুরেন্স প্রিমিয়ামে কি জিএসটি তুলে দেওয়া হয়েছে?
উঃ- হ্যাঁ, ২২ সেপ্টেম্বর, ২০২৫ থেকে ব্যক্তিগত হেলথ ও লাইফ ইন্স্যুরেন্স প্রিমিয়ামে জিসটি ১৮ থেকে কমে ০ (শূণ্য) হয়েছে।

২। এটা কি নতুন ও নবীকরণ দুটো পলিসিতেই প্রযোজ্য?
উঃ- হ্যাঁ, ২২ সেপ্টেম্বর ২০২৫ বা তার পরে প্রদেয় সব নতুন ও নবীকরণ প্রিমিয়ামে এটি প্রযোজ্য।

৩। ২ সেপ্টেম্বরের আগে যে প্রিমিয়াম দেওয়া হয়েছে, তার কী হবে?
উঃ- যদি ২২ সেপ্টেম্বরের আগে জিএসটি-সহ প্রিমিয়াম দিয়ে থাকেন, তার ফেরত পাওয়া যাবে না। সুবিধা কেবল ওই তারিখের পর থেকে শুরু হবে।

৪। গ্রস পিরিয়ডে দেওয়া প্রিমিয়াম কি জিএসটি মুক্ত হবে?
উঃ- না, ২২ সেপ্টেম্বরের আগে গ্রেস পিরিয়ডে দেওয়া প্রিমিয়ামে ছাড় নেই। কেবল ১২ সেপ্টেম্বরে বা তার পরে প্রদেয় প্রিমিয়াম জিএসটি মুক্ত হবে।

৫। জিএসটি তুলে দেওয়ায় আমি কতটা বাঁচাতে পারব?
উঃ- গ্রাহকরা সর্বোচ্চ ১৮ শতাংশ পর্যন্ত সাশ্রয় করবেন। যেমন ঃ আগে কোনো প্রিমিয়াম ১,১৮,০০০ টাকা হলে এখন তা হবে মাত্র ১,০০,০০০ টাকা।

৬। সব ধরনের পলিসিই কি এই সংস্কারের আওতায় আসবে?
উঃ- হ্যাঁ, সব ব্যক্তিগত হেলথ পলিসি, লাইফ পলিসি (টার্ম, ইউএলআইসি, এন্ডোমেন্ট), ফ্যামিল ফ্লোটার ও সিনিয়র সিটিজেন প্ল্যান আওতায় আসবে। এ সম্পর্কিত পুনর্বিমা (এরপর ৩-এর পাতায়)

মালদার প্রবীন নাগরিকদের জন্য সুখবর
পশ্চিমবঙ্গে দ্বিতীয় ও উত্তরবঙ্গে প্রথম
ALIMCO - PDMK
(এলিমকো - পি.এম.ডি.কে)-এর
উদ্যোগে
কৃপালু শেল্টার
(নতুন রূপে প্রবীন নাগরিকদের জন্য সহায়তা কেন্দ্র)
এখানে **RVY** প্রকল্পের অধীনে প্রবীন নাগরিকদের জন্য
বিনা ব্যয়ে হুইল চেয়ার, কানের মেশিন, চশমা, লাঠি, কোমরের বেল্ট, পটি চেয়ার, দাঁত, হাঁটুর বেল্ট পাওয়া যায়।
ব্যবস্থাপনায়
উমা রায় স্মৃতি জেলা প্রতিবন্ধী পূর্নবাসন কেন্দ্র (ডি.ডি.আর.সি), মালদা।
সহযোগিতায়
হায়দারপুর শেল্টার অফ মালদা
স্থান :- ২ নং গভং কলোনী, বাঘাযতীন ক্লাবের বিপরীতে,
উমা রায় স্মৃতি জেলা প্রতিবন্ধী পুর্নবাসন কেন্দ্র (ডি.ডি.আর.সি), মালদা।
যে সকল ব্যক্তিরা সুবিধা পাবেন এবং সুবিধা পাওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্র ঃ-
✤ যারা ভারতীয় নাগরিক যাদের বয়স ৬০ বছরের বেশি হতে পারে।
✤ বিগত তিন বছরে এই প্রকল্পে যদি কোন সুবিধা না পেয়ে থাকে।
✤ যাদের মাসিক আয় ১৫,০০০ টাকার বেশি নয়।
✤ সঙ্গে আনতে হবে আধার কার্ড, ছবি এবং ইনকাম সার্টিফিকেট।

স্বত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। **M :** 977 5454 577

Guide - [585]_Jaruree Guide 19-09-2025 22:57 Page 3

জিএসটি সংস্কার

(দ্বিতীয় পাতার পর)

মুক্ত।

৭। ইন্স্যুরেন্স কোম্পানীগুলি কি সঙ্গে সঙ্গে প্রিমিয়াম কমাবে?

উঃ- হ্যাঁ, জিএসটি অংশ বাদ যাবে। বেস প্রিমিয়াম একই থাকবে, তবে মোট প্রদেয় অর্থ কমে যাবে।

৮। গ্রুপ ইন্স্যুরেন্স কি এক্ষেত্রে অন্তর্ভুক্ত?

উঃ- আপাতত না। জিএসটি কাউন্সিল কেবল ব্যক্তিগত হেলথ ও লাইফ ইন্স্যুরেন্সের কথা বলেছে। গ্রুপ প্রোডাক্টে এই সুবিধা নেই।

৯। 'সাধারণ মানুষের জন্য' এর মানে কী?

উঃ- ইন্স্যুরেন্স আরও সাশ্রীয় হবে, মধ্যবিত্তের কভারেজ বাড়বে। স্বাস্থ্যখরচও কিছুটা কমবে, দ্বিগুণ সুবিধা দেবে।

১০। এই সংস্কারের কারণে কি পলিসির শতার্বলী বদলাবে?

উঃ- না, শুধু মোট প্রদেয় প্রিমিয়াম কমবে। শর্ত, কভারেজ, সুবিধা অপরিবর্তিত থাকবে।

১১। টপ-আপ ও সুপার টপ-আপ হেলথ প্ল্যানও কি মুক্ত হবে?

উঃ- হ্যাঁ, এগুলো (এরপর ৪-এর পাতায়)

হেপাটাইটিস

(প্রথম পাতার পর)

যায়। এই চিকিৎসা দীর্ঘমেয়াদে উল্লেখযোগ্য ফল দেয় এবং সিরোসিস ও লিভার ক্যানসারের জটিলতা প্রতিরোধ করা যায়।

প্রতিরোধের উপায়

ভ্যাকসিন নেওয়া, স্বাস্থ্যবিধি মেনে চলা, স্বাস্থ্যকর খাবার খাওয়া, মদ্যপান সীমিত করা, সিরিঞ্জ শেয়ার না করা, সুরক্ষিত যৌন মিলন, সংক্রামিত রক্তের সংস্পর্শ এড়িয়ে চলা, নিজেই ডাক্তারি না করা, পরীক্ষানিরীক্ষা করানো, কোনও লক্ষণদেখা দিলে চিকিৎসকের কাছে যাওয়া এবং চিকিৎসা করানো।

হেপাটাইটিস-এ (এইচএভি)

এটি সীমাবদ্ধ রোগ দীর্ঘস্থায়ী নয়। অর্থাৎ এটি নিচে থেকেই সেরে যায়, লিভারে দীর্ঘস্থায়ী কোনও সমস্যা তৈরি করে না। এক্ষেত্রে দীর্ঘস্থায়ী জটিলতা খুব কমই দেখা যায়। এক্ষেত্রে দূষিত খাবার বা জলের মাধ্যমে সংক্রমণ ছড়ায়। এই সংক্রমণ প্রতিরোধে ভ্যাকসিন রয়েছে। যাঁদের উচ্চ ঝুঁকি রয়েছে, বিশেষ করে এইচএভি প্রাদুর্ভাব রয়ছে এমন অঞ্চলে যাঁরা যাতায়াত করেন এবং সংক্রামিত লোকের সংস্পর্শে আসেন তাঁদের ভ্যাকসিন নেওয়া উচিত।

হেপাটাইটিস-বি (এইচবিভি)

কার্যকরী ভ্যাকসিন থাকা সত্ত্বেও এটি বিশ্বের সবচেয়ে সাধারণ লিবার সংক্রমণ। প্রায় ২৯.২ কোটিরও বেশি মানুষ এতে আক্রান্ত হন। এইচবিভি দীর্ঘস্থায়ী সংক্রমণের কারণ হতে পারে। সিরোসিস ও লিবার ক্যানসারের ঝুঁকি বাড়ায়। প্রধানত সংক্রামিত রক্ত, যোন মিলন এবং প্রসাবের সময় থমা থেকে সন্তানের মধ্যে ছড়িয়ে থাকে। নবজাতক ও ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের অবশ্যই টিকা নেক্স ওয়া উচিত।

হেপাটাইটিস-সি (এইচসিভি)

সাধারণত সংক্রামিত রক্তের সংস্পর্শে এলে এইচসিভি হয়ে থাকে। অসুরক্ষিত ইনজেকশন এবং চিকিৎসা সরঞ্জাম যনি যথাযথভাবে জীবাণুস্ত করা না হয় তাহলে এই ভাইরাসে সংক্রামিত হতে পারেন। বেশিরভাগ ক্ষেত্রে এইচসিভি থেএক দীর্ঘস্থায়ী সংক্রমণ হয়ে থাকে। এর জন্য কোনও ভ্যাকসিন নেি, তবে অ্যান্টিভাইরাল চিকিৎসা রয়েছে, যা অনেক ক্ষেত্রেই সংক্রমণ সারিয়ে তুলতে পারে।

হেপাটাইটিস-ডি (এইচডিভি)

এটি একটি বিরল হেপাটাইটিস, যা শুধুমাত্র এইচবিভিতে সংক্রামিতদের মধ্যেই হয়ে থাকে। হু'র মতে, দীর্ঘস্থায়ী হেপাটাইটিস বি সংক্রামিতদের প্রায় ৫ শতাংশের এইচডিভি হয়ে থাকে। এটি ভাইরাল হেপাটাইটিসের সবচেয়ে মারাত্মক অবস্থা এবং এইচবিভি সংক্রান্ত লিভার ডিজিজের অগ্রগতি ত্বরান্বিত করতে পারে। ভ্যাকসিনের মাধ্যমে এইচবিভি সংক্রমণ প্রতিরোধ এইচডিভি প্রতিরোধের প্রধান উপায়।

হেপাটাইটিস-ই (এইচইভি)

এটি স্বসীমাবদ্ধ রোগ এবং প্রধানত দূষিত জলের মাধ্যমে ছড়ায়। তবে গর্ভবতী মহিলাদের গুরুতর জটিলতা ও মৃত্যুর ঝুঁকি বেশি থাকে। এর কোনও ভ্যাকসিন বা নির্দিষ্ট কোনও চিকিৎসা নেই।

হেপাটাইটিস-এফ জি (এইচএফভি এইচজিভি)

এরা হেপাটাইটিস বিরল রূপ, যা টোগাভাইরাসের মতো ভাইরাসের কারণে হয়ে থাকে। এই ভাইরাসটি যখন রক্তপ্রবাহের মাধ্যমে লিভার কোষে পৌঁছায় তখনই সংক্রমণ ঘটে।

অটোইমিউন হেপাটাইটিস

লিভার প্রদাহের একটি রূপ। এটি তখনই ঘটে যখন রোগ প্রতিরোধ ক্ষমতা লিভার কোষের বিরুদ্ধে যায়। অটোইমিউন হেপাটাইটিসের সঠিক কারণ স্পষ্ট নয়, তবে সময়ের সঙ্গে জিনগত ও পরিবেশগত কারণ রোগটির জন্য দায়ী হতে পারে।

লক্ষণ ও উপসর্গ

ক্লান্তি ঃ অতিরিক্ত ক্লান্তি বোধ এবং দুর্বলতা সব ধরনের ভাইরাস হেপাটাইটিসের সাধারণ উপসর্গ।

জন্ডিস ঃ ত্বক ও চোখ হলুদ হয়ে যাওয়া হেপাটাইটিসের একটি বিশিষ্ট লক্ষণ, যা লিভার কাজ না করায় রক্তে বিলিরুবিন জমা হওয়ার কারণে হয়ে থাকে।

খিদে কমে যাওয়া ঃ খাওয়ার ইচ্ছে এবং ওজন কমে যাওয়া হেপাটাইটসের সাধারণ লক্ষণ।

বমিবমি ভাব ও বমি ঃ ভাইরাল হেপাটাইটিসে সংক্রামিত অনেকেরই বমিবমি ভাব এবং মাঝে মাঝে বমি হতে পারে।

পেটে ব্যথা ঃ কারও কারও পেটের ডানদিকে উপরে, যেখানে লিভার থাকে সেখানে ব্যথা হতে পারে।

গাঢ় প্রস্রাব ঃ বিলিরুবিনের উপস্থিতির কারণে প্রস্রাব স্বাভাবিকের চেয়ে গাঢ় হতে পারে।

মলের রং বদলে যাওয়া ঃ পিত্ত রঞ্জকের অভাবের কারণে মল ফ্যাকাশে বা কাদামাটি রংয়ের হতে পারে।

জয়েন্টে ব্যথা ঃ বিশেষ করে হেপাটাইটিস সি-র কারণে জয়েন্টে ও শরীরে ব্যথা হতে পারে।

জ্বর ঃ অ্যাকিউট ভাইরাল হেপাটাইটিসে জ্বর বেশি দেখা যায়।

ভাইরাস হেপাটাইটিসে সংক্রামিত কারও কারও ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে বা দীর্ঘস্থায়ী সংক্রমণে তেমন কোনও লক্ষণ দেখা যায় দা। ফলে হেপাটাইটিস নির্ণয় করা যায় না।

দিশারী হেলথ্ পয়েন্ট ও দিশারী পলিক্লিনিক-এর
আউটডোর চিকিৎসকদের তালিকা

ISO 9001:2015

আউটডোর চিকিৎসকদের তালিকা	দিশারী হেলথ্ পয়েন্ট	দিশারী পলিক্লিনিক
হৃদরোগ বিশেষজ্ঞ (কার্ডিওলজি)		
ডাঃ সিদ্ধার্থ ব্যানার্জী, ডি.এম. (কার্ডিও)	১ম ও ৩য় বৃহস্পতি	—
ডাঃ সুশীল কুমার, এম.বি.বি.এস., ডিপ্লোমা ইন ক্লিনিক্যাল কার্ডিওলজি	প্রতি রবিবার	—
ডাঃ শেখর দাস, এম.বি.বি.এস., এম.ডি. (মেডি.) (ডিপ্লোমা ইন ক্লিনিক্যাল কার্ডিওলজি)	সোম থেকে শনি	—
ডাঃ অরিন্দম বসাক, এম.বি.বি.এস., পি.জি.ডি.সি.সি. (কার্ডিও)	—	অনুমত্যনুসারে সাক্ষাৎ
ক্রিটিক্যাল কেয়ার স্পেশালিস্ট		
ডাঃ তাপস চক্রবর্তী, এম.ডি. (অ্যানাস্থেসিওলজি)	—	প্রতিদিন
ডাঃ ঋক সান্যাল, ডি.পি.এম., এম.ডি. (ট্রপিকাল মেডিসিন)	প্রতিদিন	—
হেপাটোলজি		
ডাঃ মহঃ আবদুল্লা হাসান, ডি.এম. (হেপাটোলজি)	বৃহঃ, শুক্র শনি	—
প্লাস্টিক সার্জারী		
ডাঃ দীপঙ্কর রায়, এম.বি.বি.এস., এম.এস. (জেনা. সার্জারী), এম.সি.এইচ. (প্লাস্টিক সার্জারী)	মঙ্গল ও বুধ	—
নাক, কান, গলা বিশেষজ্ঞ (ইএনটি)		
ডাঃ শুভজিৎ সরকার, এম.এস., ই.এন.টি.	—	সোম থেকে শনি
ডাঃ কৌসর আহমেদ, এম.বি.বি.এস., এম.এস. (ই.এন.টি.)	—	প্রত্যেক সপ্তাহ বৃহঃ ও শুক্র বাদে
লিভার ও পেটের রোগ বিশেষজ্ঞ (গ্যাসট্রোএনটেরলজি)		
প্রফেঃ (ডাঃ) ক্ষৌণিশ দাস, এম.ডি., ডি.এম. (গ্যাসট্রো)	২য় ও ৪র্থ রবি	—
ডাঃ এস. বরণ দাসচক্রবর্তী, এম.ডি., ডি.এম. (গ্যাসট্রো)	১ম ও ৩য় রবি	—
ডাঃ নিরাজ আগরওয়ালা, ডি.এম. (গ্যাসট্রো)	সোম থেকে শুক্র	—
ডাঃ চয়ন কুমার রায়, এম.ডি. (মেডি.), ডি.এন.বি. (গ্যাসট্রো)	—	২য় ও ৪র্থ বৃহস্পতি
ডাঃ সৌমিক ঘোষ, এম.ডি., পি.এইচ.ডি. (ডব্লুবিইউএইচএস)	—	মাসে তিনদিন
ডাঃ সুদীপ আড্ডি, এম.বি.বি.এস., ডি.টি.এম.এইচ. (গ্যাসট্রোএনটেরলজিস্ট) ও গ্যাসট্রো-ইনটেসটিনাল এন্ডোস্কোপিস্ট)	—	১ম বৃহস্পতিবার
স্ত্রী ও প্রসূতি রোগ (গাইনোকলজি)		
ডাঃ এস. এন. শর্মা, ডি.জি.ও., এম.ডি.	সোম থেকে বৃহস্পতি	—
ল্যাপরোস্কপি ও জেনারেল সার্জারি		
ডাঃ এম. প্রামানিক, এম.এস. (এ.আই.আই.এম.এস.)	প্রতিদিন	—
ডাঃ এ. এ. আবু আহমেদ, এম.এস. (জেনারেল সার্জারী)	—	সোম থেকে শুক্র ও রবি
ডাঃ রাজা বসাক, এম.এস. (জেনারেল সার্জারী)	—	সোম থেকে বুধ, শনি ও রবি
জি. আই. সার্জারী		
ডাঃ তুহীন শুভ্র মন্ডল, এম.এস., এম.সি.এইচ. (এ.আই.আই.এম.এস.)	প্রথম ও তৃতীয় রবিবার	—

আউটডোর চিকিৎসকদের তালিকা	দিশারী হেলথ্ পয়েন্ট	দিশারী পলিক্লিনিক
ক্যানসার বিশেষজ্ঞ (মেডিক্যাল অনকোলজি)		
ডাঃ কাজী সাজ্জাদ মনির, এম.ডি., ডি.এন.বি. (আর.টি.)	মাসে একদিন	—
ডাঃ অর্ণব অধিকারী, এম.ডি. (আর.টি.)	মাসে তিনদিন	—
ডাঃ তন্ময় বসাক, এম.ডি. (রেডিয়েশন অনকোলজি)	বুধ ও বৃহঃ	—
কিডনি সংক্রান্ত রোগ (নেফ্রোলজি)		
ডাঃ বিস্ময় কুমার, এম.ডি., ডি.এম. (নেফ্রো)	মাসে একদিন	—
কার্ডিও ভাসকুলার এবং থোরাসিক সার্জারী		
ডাঃ জাভিদ ভেকার সাদিক, এম.বি.বি.এস., ডি.টি.এম.এন্ডএইচ., ডি.সি.এইচ., এম.এস., এম.সিএইচ. (সিটিভিএস), কনসালটেন্ট কার্ডিও ভাসকুলার এবং থোরাসিক সার্জারী	মাসে একদিন	—
স্নায়ু রোগ বিশেষজ্ঞ (নিউরো মেডিসিন)		
ডাঃ সিদ্ধার্থ শঙ্কর আনন্দ, এম.ডি., ডি.এম. (নিউরো মেডিসিন)	৩য় রবিবার	—
ডাঃ পিনাকি মাইতি, ডি.এম. (নেউরো) মেডিসিন	অনুমত্যনুসারে সাক্ষাৎ	২য় রবিবার
স্নায়ু ও মানসিক রোগ (নিউরো সাইকিয়াট্রি)		
ডাঃ রূপক কুমার সাহা, এম.বি.বি.এস. (কোল), এম.ডি., (সাইকিয়াট্রি)	মাসে একদিন	—
ডাঃ পি. কে. সাহা, এম.ডি. (নিউরো সাইকিয়াট্রি)	মাসে একদিন	—
ডাঃ অনিন্দ্য কুমার রায়, এম.ডি. (নিউরো সাইকিয়াট্রি)	—	১ম বৃহস্পতিবার
ডাঃ সান্তারুল হক, এম.ডি. (সাইকিয়াট্রি)	—	প্রত্যেক মঙ্গলবার
নিউরো সার্জারি		
ডাঃ সমির সাহা, এম.বি.বি.এস., এম.সি.এইচ. (নিউরো সার্জারী)	—	প্রতিদিন
ডাঃ ইন্দ্রজিৎ রানা, ডি.এন.বি. (সার্জারী), ডি.এন.বি. (নিউরো সার্জারী)	প্রত্যেক শুক্র	—
চক্ষু রোগ বিশেষজ্ঞ (অফথালমোলজিস্ট)		
ডাঃ (মিসেস) সোনম প্রামাণিক (তলোয়ার), এম.এস. (অপ্থালমোলজিস্ট)	প্রতিদিন	—
ফুসফুস এবং অ্যালার্জিজনিত শ্বাস-প্রশ্বাস সম্বন্ধীয়		
ডাঃ শৈবাল মৈত্র, এম.ডি. (রেস, মেড), এফ.সি.সি.পি. (ইউ.এস.এ.)	৪র্থ রবিবার	—
ডাঃ সৌমিত্র সিনহা রায়, এম.ডি., ডি.টি.সি.ডি., এম.আর.সি.পি., এফ.সি.সি.পি., এফ.আর.সি.পি.	মাসে একদিন	—
অস্থিরোগ ও শল্য চিকিৎসা (অর্থপেডিক)		
ডাঃ জি. জি. কর, এম.এস., (অর্থো)	মাসে দুইদিন	—
ডাঃ তাপস কুমার বনিক, এম.বি.বি.এস., ডি. (অর্থোপেডিক সার্জেন)	—	প্রতিদিন
ডাঃ সুভাশিষ রঞ্জন মিত্র, এম.এস. (অর্থো)	সোম ও মঙ্গল	—
শিশু রোগ বিশেষজ্ঞ (চাইল্ড স্পেশালিস্ট)		
ডাঃ দীপান্বিতা সাহা, এম.বি.বি.এস., এম.ডি. (পেডিয়াট্রিকস)	—	সোম থেকে শনি

আউটডোর চিকিৎসকদের তালিকা	দিশারী হেলথ্ পয়েন্ট	দিশারী পলিক্লিনিক
ফুসফুস বা শ্বাস-প্রশ্বাস সম্বন্ধীয় (রেসপিরেটরি মেডিসিন)		
ডাঃ মহঃ ইকবাল হাসান, এম.বি.বি.এস., এম.ডি. (রেস. মেড)	বুধ থেকে শনি	—
ডাঃ (শ্রীমতি) এস. উন্নিথান (রায়), এম.ডি. (রেস. মেড)	অনুমত্যনুসারে সাক্ষাৎ	—
ফিজিসিয়ান		
ডাঃ মোহঃ জাহাঙ্গীর গাজী, এম.বি.বি.এস., এম.ডি. (ক্রিটিকাল কেয়ার ও মেডিসিন)	মঙ্গল থেকে শনি	প্রতিদিন
ডাঃ মধুরিমা সাহা, এম.বি.বি.এস., এম.ডি. (ক্রিটিকাল কেয়ার পেইন মেডিসিন)	বুধ থেকে শনি	—
ডাঃ কাকলি ঘোষ, এম.বি.বি.এস., এম.ডি. (মেডিসিন)	—	সোম থেকে শনি
ডাঃ সন্দীপ আগরওয়ালা, এম.বি.বি.এস., ফেলোসিপ ইন্ নেফ্রোলজি	প্রতিদিন	—
ডাঃ তাপস সরকার, এম.বি.বি.এস.	সোম থেকে শনি	অনুমত্যনুসারে সাক্ষাৎ
ডাঃ মানালী সাহা, এম.ডি.	সোম থেকে শনি	প্রতিদিন
ডাঃ জামিরুল ইসলাম, এম.ডি. (মেডিসিন)	—	প্রতিদিন
বাত, ব্যথা (রিউম্যাটলজি)		
প্রফেঃ (ডাঃ) জে. রায়, এম.ডি., ডি.এন.বি. (রিউ)	—	২য় রবি ও ৪র্থ শুক্র
চর্ম রোগ বিশেষজ্ঞ (স্কিন স্পেশালিস্ট)		
ডাঃ বিথীকা লোধ, এম.ডি. (স্কিন)	—	সোম, বৃহঃ থেকে শনি
ডাঃ সুরভি শর্মা, এম.ডি. (স্কিন)	—	মাসে একদিন
মূত্রথলী ও মূত্রনালী শল্য চিকিৎসা (ইউরোলজি)		
ডাঃ প্রসূন প্রামাণিক, এম.এস., এম.সি.এইচ. (ইউরো)	প্রতিদিন	—
নিউট্রিশন (ডায়েট)		
শ্রীমতি পিয়ালী রায় লালা, বি.এস.সি., এম.এস.সি., ডায়াটেসিয়ান	প্রতিদিন	—
ফিজিওথেরাপি		
ডাঃ আবরার আলম, (পি.টি.), এম.পি.টি. (অর্থো), চিরোপ্রাকটিস চিকিৎসা বিশেষজ্ঞ	—	বুধবার ও শনিবার
ডাঃ শুভদীপ বেরা, বি.পি.টি., এম.পি.টি.	সোম থেকে শনি	—

আমাদের ডায়াগনস্টিক সুবিধা ঃ—

- প্যাথলজি ও মাইক্রোবায়োলজি ঃ হিস্টোপ্যাথলজি, সাইটোলজি, বোন - ম্যারো স্টাডি, ট্রেফাইন বায়োপসি সহ সমস্ত প্যাথলজিক্যাল ও মাইক্রোবায়োজিক্যাল পরীক্ষা।
- আল্ট্রাসাউন্ড এবং ইমেজিং ঃ **MRI 1.5 T with In-Bore facility, CT Scan, 4D** কালার ডপলার আল্ট্রা সোনোগ্রাফি, পেরিফেরাল ভাস্কুলার স্টাডি, **Digital** এক্স-রে।
- গ্যাস্ট্রোএন্টারোলজি ঃ এন্ডোস্কোপি, কোলোনোস্কপি (ডায়াগনস্টিক এবং থেরাপিউটিক), **ERCP** (ডায়াগনস্টিক এবং থেরাপিউটিক), **MRCP** এন্ডোস্কোপিক ভেরিসিয়াল লিগেশন (**EVL**), ফাইবার অপটিক ল্যারিঙ্গোস্কোপি (**FOL**), পলিপেক্টমি।
- কার্ডিওলজি ঃ কালার ডপলার স্টাডি সহ ইকো-কার্ডিওগ্রাফি, **ECG** (ডিজিটাল), **TMT** (ডিজিটাল), হোল্টার মনিটর (ডিজিটাল), ২৪ ঘন্টার ব্লাড প্রেসার মনিটরিং।
- ইউরোলজি ঃ ইউরোডাইনামিক স্টাডি, ইউরোফ্লোমেট্রি **Lithotripsy (Therapeutic)** ● নিউরোলজি ঃ **EEG, EMG** এবং **NCV** (সমস্ত অঙ্গ), **SSEP, VEP, BERA.** ● অ্যালার্জি ও হাঁপানি ঃ স্কিন অ্যান্ড ড্রাগ অ্যালার্জি, স্পাইরোমেট্রি।

দিশারী হেলথ্ পয়েন্ট # 97340 99999 | দিশারী পলিক্লিনিক # 89006 222 22 | দিশারী হেলথ্ পয়েন্ট # 97340 99999

Guide - [585]_Jaruree Guide 19-09-2025 22:57 Page 4

কেরিয়ারের আসল 'ট্রিটমেন্ট'

বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে

শরীর খারাপ হলে যেতে হবে ডাক্তারের কাছে। কিন্তু মাথায় রাখবেন, চিকিৎসা কিন্তু বহুকালই আর নাড়ি টিপে হয় না। তার জন্য দরকার পড়ে নানা রকমের যন্ত্রের। সেই যন্ত্র তৈরি করবে কার ? এখানেই তো প্রয়োজন হয় বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারদের।

শিক্ষাগত যোগ্যতা

১০ + ২ স্তরে পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিত (পিসিএম) বিষয় নিয়ে উত্তীর্ণ হতে হবে। কিছু প্রতিষ্ঠান জীববিদ্যা বা বায়োলজিকেও গুরুত্ব দেয়। সাধারণত ১০+২ পরীক্ষায় ৫০-৬০ শতাংশ নম্বর থাকা আবশ্যক।

প্রবেশিকা ঃ জেইই মেনস, জেইই অ্যাডভান্সড অথবা রাজ্য স্তরের পরীক্ষাগুলি। (যেমন) প্রধান প্রবেশিকা। কিন্তু বেসরকারি প্রতিষ্ঠান নিজস্ব পরীক্ষা বা শুধুমাত্র মেধার ভিত্তিতে ভর্তি করে।

সিলেবাস

বায়োমেটেরিয়ালস এবং বায়োমেকানিক্স

চিকিৎসা যন্ত্রের জন্য ব্যবহৃত উপাদান এবং মানব দেহের টিস্যু, জয়েন্ট ও অঙ্গের যান্ত্রিক দিকগুলির অধ্যয়ন।

মেডিক্যাল ইমেজিং এবং সিগন্যাল প্রসেসিং

রোগ নির্ণয় এবং চিকিৎসায় এমআরআই, সিটি স্ক্যান, আল্ট্রা-সাউন্ডের মতো উন্নত চিত্রায়ন কোশলগুলির ব্যবহার।

বায়োইনফরমেটিক্স

জীববিদ্যা এবং স্বাস্থ্যসেবায় তথ্যপ্রযুক্তি প্রয়োগ, এবং স্বাস্থ্যসেবায় তথ্যপ্রযুক্তি প্রয়োগ, স্বাস্থ্য সম্পর্কিত তথ্যের ব্যবস্থাপনা এবং স্বাস্থ্য পর্যবেক্ষণ ব্যবস্থার উন্নয়ন।

ইলেকট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন

পেসমেকার, ইসিজি এবং ইইজি মেশিনের মতো চিকিৎসা যন্ত্রে ব্যবহৃত ইলেকট্রনিক্স সার্কিট, যন্ত্রপাতি বোঝা।

টিস্যু ইঞ্জিনিয়ারিং

কৃত্রিম টিস্যু, অঙ্গের বিকাশের উপরে মনোযোগ।

স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনা

স্বাস্থ্যসেবা ব্যবস্থা, হাসপাতাল ব্যবস্থাপনা এবং বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং সম্পর্কিত বিধিনিষেধের উপরে অধ্যয়ন।

উচ্চশিক্ষার সুযোগ

এমটেক বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং হলো দু'বছরের স্নাতকোত্তর কোর্স যেখানে চিকিৎসা রোবোটিক্স, কৃত্রিম অঙ্গ বা নিউরো ইঞ্জিনিয়ারিংয়ের মতো ক্ষেত্রে বিশেষজ্ঞ হওয়া যায়।

এমএস বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ইউএসএ বা ইউরোপের বিশ্ববিদ্যালয়গুলিতে গবেষণার সুযোগ মেলে।

স্বাস্থ্যসেবার প্রশাসনিক ক্ষেত্রে আগ্রহী ব্যক্তিদের জন্য রয়েছে হেলথ কেয়ার ম্যানেজমেন্টে এমবিএ করার সুযোগ। এছাড়াও পিএইচডি একটি আদর্শ বিকল্প হতে পারে।

কেরিয়ার

বিটেক উত্তীর্ণদের কাজের বিপুল সুযোগ রয়েছে স্বাস্থ্যসেবা, ফার্মাসিউটিক্যাল শিল্প, গবেষণা এবং প্যুক্তি উন্নয়নের মতো বিভিন্ন ক্ষেত্রে।

মেডিক্যাল ইকুইপমেন্ট ডিজাইনার

পেসমেকার, প্রস্থেটিক্স, ডায়াগনস্টিক যন্ত্রের মতো বিভিন্ন চিকিৎসা সরঞ্জামের ডিজাইন এবং প্রযুক্তিগত উন্নতি সাধন।

হেলথকেয়ার সফটওয়্যার ডেভেলপার

টেলিমেডিসিন এবং স্বাস্থ্য পরিচালন ব্যবস্থার উন্নয়নের সঙ্গে সফটওয়্যার ডেভেলপমেন্ট একটি দ্রুত উন্নয়নশীল ক্ষেত্র।

ক্লিনিক্যাল ইঞ্জিনিয়ার

হাসপাতাল এবং স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে চিকিৎসা যন্ত্র এবং সিস্টেমগুলির সঠিক কার্যকারিতা নিশ্চিত করা।

বায়োটেক এবং ফার্মাসিউনিক্যাল ইন্ডাস্ট্রির পেশাদার

ওষুধ সরবরাহ ব্যবস্থা, ডায়াগনস্টিক এবং বায়োলজিক্সের উপর গবেষণা, পরবর্তী প্রজন্মের বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারদের প্রশিক্ষণ সংক্রান্ত অ্যাপের ইন্টারফেস ডিজাইন ও অপ্টিমাইজ করা।

টিস্যু ইঞ্জিনিয়ারিং এবং রিজেনারেটিভ মেডিসিন

কৃত্রিম অঙ্গ এবং পুনর্জনন চিকিৎসা পদ্ধতির বিকাশে কাজ করা। এ ছাড়াও বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারদের কাজ, স্বাস্থ্যসেবা সংস্থাগুলিকে নতুন প্যুক্তি গ্রহণ নিয়ে পরামর্শ প্রদান করা। নতুন চিকিৎসা যন্ত্র সরঞ্জাম নকশা করা এবং তৈরি করা, রোগীদের স্বাস্থ্য নিরীক্ষণ ও চিকিৎসার জন্য সফটওয়্যার তৈরি করা।

কাউন্সেলিংয়ে কী ভাবে বাছবেন পছন্দের কলেজ?

উচ্চ মাধ্যমিকের পর অনেক ছাত্রছাত্রীর স্বপ্ন ইঞ্জিনিয়ার হওয়া। কিন্তু সেই স্বপ্নপূরণের পথে যে বড় প্রশ্নগুলো সামনে আসে।

কোন কলেজে ভর্তি হওয়া উচিত?

কোন শাখা বেছে নিলে ভবিষ্যৎ উজ্জ্বল হবে?

কোন শাখা বেছে নিলে আগামী দিনে চাকরির সুযোগ সবচেয়ে বেশি থাকবে?

এই প্রশ্নগুলোর উত্তর নির্ভর করে সচেতন সিদ্ধান্তের উপরে। তাই পর্যায়ক্রমে বিষয়গুলো বুঝে নেওয়া যাক।

সঠিক কলেজ বেছে নেবেন কী ভাবে?

ইঞ্জিনিয়ারিং কলেজ নির্বাচন কেবলমাত্র প্রাপ্ত র‍্যাঙ্কের ওপর নির্ভর করে না। বিভিন্ন বিষয় সতর্ক ভাবে মূল্যায়ন করা প্রয়োজন।

স্বীকৃতি ও মান্যতা ঃ কলেজটি এআইসিটিই এবং ন্যাকের মতো সংস্থা দ্বারা অনুমোদিত কি না, যাচাই করুন।

র‍্যাঙ্কিং ও সুনাম ঃ

এনআইআরএফ বা রাজ্য র‍্যাঙ্কিং এবং প্রাক্তনীদের মতামত খেয়াল করুন।

শাখার মান ঃ সব কলেজে সব শাখঅ সমান শক্তিশালী নয়। যে শাখায় পড়তে চান, সেই শাখার প্লেসমেন্ট ও শিক্ষকরা কেমন, তা বিশএদ দেখুন।

অবস্থান ঃ শিল্প কেন্দ্র বা টেকনোলজি হাবের কাছে কলেজ হলে ইন্টার্নশিপ এবং চাকরির সুযোগও বেড়ে যায়।

ফি ও স্কলারশিপ ঃ খরচের সঙ্গে স্কলারশিপের সুযোগ মিলিয়ে দেখুন। কাউন্সেলিংয়ের সময়ে পছন্দের তালিকা তৈরির ক্ষেত্রে এগুলো জেনে নেওয়া বুদ্ধিমানের কাজ।

কোন শাখা বেছে নেবেন?

শুধু নামী কলেজ পেলেই হবে না, সঠিক শাখা নির্বাচন সমান গুরুত্বপূর্ণ।

মাথায় রাখুন

নিজের আগ্রহ ও শক্তি ঃ গণিত, কম্পিউটার, যন্ত্রপাতি, নাকি নকশা, কোনটা আপনাকে টানে?

ভবিষ্যতের সুযোগ ঃ কোন শাখায় চাকরির চাহিদা বাড়বে, সেটাও বিবেচনা করুন। ইঞ্জিনিয়ারিংয়ের জনপ্রিয় শাখঅগুলিতে কী কী পড়ানো হয়, তার সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো।

কম্পিউটার সায়েন্স / ইনফরমেশন টেকনোলজি ঃ (সিএসই/আইটি, প্রোগ্রামিং, সফটওয়্যার ডেভেলপমেন্ট, ডেটা সায়েন্স, কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে পড়াশেঅনা

ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (ইসিই) ঃ টেলিকম, চিপ ডিজাইন, আইওটি (ইন্টারনেট অফ থিংস)

ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইই) ঃ বিদ্যুৎ নবায়নযোগ্য শক্তি, অটোমেশন

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) ঃ যন্ত্র নকশা, অটোমোবাইল, ম্যানুফ্যাকচারিং

সিভিল ঃ নির্মাণ, অবকাঠামো, স্মার্ট সিটি

কেমিক্যাল ঃ ফার্মাসিউটিক্যাল, পেট্রোকেমিক্যাল, ফুড টেকনোলজি।

বায়ো-টেকনোলজি ঃ স্বাস্থ্য সেবা, জেনেটিক্স, বায়ো-ইনফরমেটিক্স ভবিষ্যতের সম্ভাবনা।

আজকের দিনে ছাত্রছাত্রীরা জানতে চায়, আগামী দিনে কোন শাখায় কর্মসংস্থান ও সুনামের সঙ্গে প্রতিষ্ঠা পাওয়ার সুযোগ সবচেয়ে বেশি।

সবচেয়ে জনপ্রিয় ও দ্রুত বর্ধনশীল শাখা

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই), ইনফরমেশন টেকনোলজি (আইটি), ডেটা সায়েন্স, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), সাইবার সিকিউরিটি এবং ডিজিটাল ফরেন্সিক্স। এ ছাড়া চাকরির বাজারে এবং জয়েন্ট এন্ট্রান্সের কাউন্সেলিংয়ে চিরন্তন চাহিদা সম্পন্ন কোর ব্রাঞ্চগুলি হলো - ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং। সরকারি চাকরি, রাষ্ট্রায়ত্ত সংস্থা এবং পরিকাঠামো ক্ষেত্রে এগুলির চাহিদা সব সময় থঅকবে। এ ছাড়া উজ্জ্বল কর্মসংস্থানের সুযোগ রয়েছে গবেষণা ও নতুন প্রযুক্তিভিত্তিক শাখাগুলি হল —

- ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনেকশন ইঞ্জিনিয়ারিং, সেমি-কন্ডাক্টর
- **বায়োটেক ইঞ্জিনিয়ারিং**
- প্রিসিশন মেডিসিন
- অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং
- স্পেস টেকনোলজি

নতুন দিগন্ত

রোবোপিক্স, রিনিউয়েবল এনার্জি বা পুনর্নবীকরণযোগ্য শক্তি, এনভায়নমেন্টাল ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়াশোনা। ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তি নিয়ে সিদ্ধান্ত নেওয়ার সময়ে মনে রাখুন, কলেজের মান সঠিক শাখা ভবিষ্যতের সুযোগ সেরা সিদ্ধান্ত। শুধঞ নামী কলেজে ভর্তির জন্য। আগ্রহী থাকলে অথবা শুধু নির্দিষ্ট ইইজিনিয়ারিং শাখাকে ভালোবেসে দুর্বল কলেজ বেছে নিলে কেরিয়ার তৈরিতে সমস্যা হতে পারে। তাই ভঅরসাম্য রেখে এগোন। সচেতন সিদ্ধান্ত নিলে তবেই একজন সফল ইঞ্জিনিয়ার হওয়ার স্বপ্ন সত্যি হবে।

- ফার্মেসি পড়াশোনার জন্য কলেজ নির্বাচন করার সময় খেয়াল রাখতে হবে।
- কলেজটি ফার্মেসি কাউন্সিল অফ ইন্ডিয়া (পিসিআই) এবং এআইসিটিই অনুমোদিত কি না।
- আধুনিক ল্যাব ও গবেষণার সুবিধঅ রয়েছে কি না।
- অভিজ্ঞ শিক্ষক ও শিল্পক্ষেত্রের সঙ্গে সংযোগ আছে কি না।
- প্লেসমেন্ট রেকর্ড ও ইন্টার্নশিপের সুযোগ কেমন।
- ফি ও বৃত্তির সুবিধা অঅপনার সাধ্যের মধ্যে কি না।
- বি ফার্ম ডিগ্রিপ্রাপ্তদের বিভিন্ন ক্ষেত্রে কাজের সুযোগ রয়েছে।
- ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিতে ওষুধ উৎপাদন, ওষুধ নিয়ে গবেষণা, ওষুধের মান নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজের সুযোগ আছে। এ ছাড়া রয়েছে হাসপাতাল ও কমিউনিটি ফার্মাসিস্ট হিসেবে রোগীকে সঠিক ওষুধ ও পরামর্শ প্রদানের কাজ, সরকারি হাসপাতাল এবং গবেষণা সংযথায় চাকরি। বিভিন্ন দেশের সঠিক লাইসেন্সিং পরীক্ষা ও রেজিস্ট্রেশন প্রক্রিয়া পাশ করলে আন্তর্জাতিক মানের ফার্মাসিস্ট হিসেবে বিদেশে কর্মসংস্থানের সুযোগ রয়েছে। বহুজাতিক ও স্থানীয় ওষুধ নির্মাতা সংযথায় ক্লিনিক্যাল রিসার্চ, ফার্মাকোভিজিল্যান্স, মেডিক্যাল রাইটিংয়ের চাকরি রয়েছে অনেক। রয়েছে এম ফার্ম, এমবিএ (ফার্মা) এবংড ফার্ম ডি ডিগ্রি অর্জনের মতো উচ্চশিক্ষার সুযোগ। সরকারি চাকরি, সরকারি হাসপাতাল এবং গবেষণা সংযথায়। সচেতনভাবে সঠিক কলেজ বেছে নিয়ে পড়াশোনা করলে বি ফার্ম একটি উজ্জ্বল ভবিষ্যতের দরজাও খুলে দেয়।

জিএসটি সংস্কার

(তৃতীয় পাতার পর)

ব্যক্তিগত হেলথ প্রোডাক্ট হওয়ায় ২২ সেপ্টেম্বর থেকে জিএসটি লাগবে না।

১২। ইএমআই বা মাসিক কিস্তিতে 'দেওয়া প্রিমিয়ামেও কি ছাড় থাকবে?

উঃ- হ্যাঁ, বার্ষিক, ছয় মাস, ত্রৈমাসিক বা মাসিক সব মোডে প্রযোজ্য, যতক্ষণ তারিখ ২২ সেপ্টেম্বর তা তার পরে হয়।

১৩। জিএসটি সংস্কারের ফলে কি ট্যাক্স সুবিধায় পরিবর্তন হবে?

উঃ- না, ৮০সি (লাইফ) ও ৮০ডি (হেলথ) ট্যাক্স সুবিধা অপরিবর্তিত। এখন গ্রাহকরা ডাবল সুবিধা পাবেন— কম প্রিমিয়াম ট্যাক্স সেভিংস।

১৪। দাবি নিষ্পত্তি কি এর ফলে সহজ হবে?

উঃ-পরোক্ষভাবে হ্যাঁ, অর্থ মন্ত্রালয় কড়া করছে ফলে দাবি প্রক্রিয়া আরও স্বচ্ছ হবে।

১৫। ভারতীয় পলিসি কিনলে এনআরআই-রাও কি সুবিধা পাবেন?

উঃ- হ্যাঁ, এনআরআই-রাও হেলথ ও লাইফ পলিসি প্রিমিয়াম জিএসটি ছাড়াই দিতে পারবেন।

১৬। ভবিষ্যতে কি প্রিমিয়াম বাড়তে পারে?

উঃ- হ্যাঁ, চিকিৎসা ব্যয় বা মৃত্যু ঝুঁকির কারণে বেস প্রিমিয়াম বাড়তে পারে, তবে ১৮ শতাংশ জিএসটি চিরতরে উঠছে।

১৭। ক্রিটিক্যাল ইলনেস, অ্যাক্সিডেন্ট কভার ইত্যাদি রাইডারেও কি ছাড় থাকবে?

উঃ- হ্যাঁ, এগুলো ব্যক্তিগত লাইফ/হেলথ পলিসির অংশ হওয়ায় ০ শতাংশ জিএসটি লাগবে।

১৮। নিয়োগকর্তার গ্রুপ হেলথ ইন্স্যুরেন্সে কি সুবিধা থাকবে?

উঃ- না, কর্পোরেট গ্রুপ ইন্সুরেন্স বাদ। কেবল ব্যক্তিগত/রিটেল পলিসি জিএসটি মুক্ত।

১৯। ইসিএস/অটো-ডেবিট প্রিমিয়াম কি অটোমেটিক ঠিক হয়ে যাবে?

উঃ- হ্যাঁ, ২২ সেপ্টেম্বরের পর থেকে স্বয়ক্রিয়ভাবে নতুন (ছাড়া) প্রিমিয়াম কেটে নেওয়া হবে।

২০। গ্রাহক কীভাবে বুঝবেন ইন্সুরাররা সুবিধা দিয়েছে?

উঃ- আরডিএআই নির্দেশ দিয়েছে - প্রিমিয়াম রসিদে জিএসটি ০ শতাংশ স্পষ্ট করে লিখতে হবে।

২১। জিএসটি তুলে দিলে কি ইন্স্যুরেন্স মিউচুয়াল ফান্ড বা ডিপোজিটের চেয়ে সস্তা হবে?

উঃ- হ্যাঁ, ০ শতাংশ জিএসটি ট্যাক্স সুবিধার কারণে ইন্স্যুরেন্স এখন অন্যতম সাশ্রয়ী 'ফাইন্যান্সিয়াল প্রোডাক্ট।

২২। ইন্স্যুরাররা ইনপুট ট্যাক্স ক্রেডট (আইটিসি) হারালে কি প্রভাব পড়বে?

উঃ- হ্যাঁ, আইটিসি না থাকায় অপারেশনাল খরচে জিএসটি কাটতে পারবে না, ফলে পুরো ১৮ শতাংশ ছাড় গ্রাহকরা পাবেন না, আংশিক সুবিধা মিলবে।

২৩। আসল সাশ্রয় কতটা হতে পারে?

উঃ- ইন্ড্রাস্টি অনুমান করছে নেট বেনিফিট ৩ - ৮ শতাংশ, নির্ভর করছে কোন ইন্স্যুরারের রিটেল ব্যবসা কত বড়।

২৪। নিয়োগকর্তার দেওয়া গ্রুপ হেলথ ইন্স্যুরেন্স কি সুবিধা পাবে?

উঃ- না, গ্রুপ কভারেই ১৮ শতাংশ জিএসটি থাকবে।

২৫। এই কারণে কি কিছু কোম্পানি গ্রুপ কভার বাদ দিয়ে ভাতা/অ্যালাউন্স দিতে পারে?

উঃ- হ্যাঁ, বিশেষজ্ঞরা মনে করছেন কোম্পানিগুলো হয়তো কর্মীদের ভাতা দিয়ে ব্যক্তিগত পলিসি নিতে উৎসাহিত করবে।

২৬। ইন্স্যুরাররা কি এখন থেকে ব্যক্তিগত হেলথ প্ল্যান বেশি প্রচার করবে?

উঃ- অবশ্যই। ব্যক্তিগত প্ল্যান সস্তা হওয়ায় গ্রুপ প্ল্যানের চেয়ে এগুলো বেশি গুরুত্ব পাবে।

২৭। এই সংস্কারের ফলে ভারতের ইন্স্যুরেন্স বাজারে কী প্রভাব পড়বে?

উঃ- হেলথ ইন্স্যুরেন্স গ্রহণ বাড়বে, বিশেষত মধ্যবিত্ত শ্রেণির মধ্যে।

২৮। ফ্যামিলি ফ্লোটার, সিনিয়র সিটিজেন প্ল্যান, টপ-আপ ইত্যাদি কি অন্তর্ভুক্ত?

উঃ- হ্যাঁ, সব ব্যক্তিগত হেলথ প্রোডাক্ট ফ্লোটার, সিনিয়র সিটিজেন, রাইডার, টপ-আপ সবই ছাড় পাবে।

২৯। অফিসিয়াল নোটিস বা কবে আসবে?

উঃ- CBIC ও PIB খুবই শিগগিরই অফিসিয়াল নোটিস ও প্রকাশ করবে।

৩০। ০ শতাংশ জিএসটি থাকলেও ভবিষ্যতে কি প্রিমিয়াম বাড়বে?

উঃ- হ্যাঁ, চিকিৎসা খরচ বৃদ্ধির কারণে বেস প্রিমিয়াম বাড়তে পারে। তবে জিএসটি আর কখনও যোগ হবে না।

অনুলিখন - সুদীপ্ত দাস # 7001616800